

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
উদ্যোক্তা নিবন্ধন শাখা
www.jdpc.gov.bd
১৪৫, মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।

স্মারক নম্বর: ২৪.০৯.০০০০.০০৫.৩২.০০২.১৯.৪২

তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২২

বিষয়: উদ্যোক্তা নিবন্ধন নবায়ন প্রসংগে।

সূত্র: ২৪.০৯.০০০০.০০০.৯৯.২৪৪.১৫. তারিখ: ২০-০৯-২০২০ এর পত্র
সূত্র: ২৪.০৯.০০০০.০০০.৯৯.২৪৪.১৫. তারিখ: ০৩-০১-২০২১ এর পত্র
সূত্র: ২৪.০৯.০০০০.০০০.৯৯.২৪৪.১৫. তারিখ: ০৮-০৩-২০২১ এর পত্র

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জেডিপিসি'র নিবন্ধিত সকল উদ্যোক্তাদের জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রে, ই-মেইলের মাধ্যমে এবং বিভিন্ন সময়ে টেলিফোনের মাধ্যমে ২০১৫-২০২০ সাল পর্যন্ত নিবন্ধিত উদ্যোক্তাগণকে নিবন্ধন নবায়নের জন্য অনুরোধ করা হয়েছিল। এ পর্যন্ত ৩৬৪ জন উদ্যোক্তার নিকট হতে নিবন্ধন নবায়নের তথ্য পাওয়া গেছে। যাদের তালিকা সক্রিয় উদ্যোক্তা হিসেবে ইতোমধ্যে জেডিপিসি'র ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

২। বর্নিতাবস্থায়, ২০২০ সাল পর্যন্ত যে সকল উদ্যোক্তা নিবন্ধিত হয়েছেন কিন্তু এখনো নিবন্ধন নবায়ন করেন নাই তাদেরকে আগামী ১৫ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে নিবন্ধন নবায়ন করার জন্য অনুরোধ করা হলো। এসময়ের পর সকল অনবায়নকৃত উদ্যোক্তাকে চিহ্নিত করে নিষ্ক্রিয় উদ্যোক্তা হিসেবে তালিকাভুক্ত করে ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং তাহাদেরকে জেডিপিসি'র কোন কার্যক্রমে অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং তাদের নিবন্ধন বাতিল করা হবে। উল্লেখ্য, জেডিপিসি'র উদ্যোক্তাগণকে ২ বছরের জন্য প্রাথমিক নিবন্ধন দেয়া হয় এবং নিবন্ধন নীতিমালায় প্রতি ০২ বছর পর পর নিবন্ধন নবায়নের বাধ্যবাধকতা রয়েছে।

৩। নিবন্ধন নবায়ন ফর্ম জেডিপিসি'র ওয়েবসাইট: www.jdpc.gov.bd তেও পাওয়া যাবে। ২০০/- (দুইশত) টাকা নবায়ন ফিসহ পূরনকৃত আবেদন ফর্ম জেডিপিসিতে জমা দিতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যের জন্য সৈয়দ জাকারিয়া, পার্সোনাল অফিসার, (ফোন: ০১৩২৪৭২৭৯৯৯, ০১৭১১৯৭৩৮৪৯ ইমেইল: zakaria.sayed73@gmail.com) জেডিপিসি'র সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।